# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
## উপদেশ, প্রসারণ ও গবেষণা কার্যক্রম পরিদপ্তর
ঢাকা-১০০০, বাংলাদেশ

পরিচালক

টেলিফোন: ৯৬৬৩১২৯ (অফিস), পিএবিএক্স: ৯৬৬৫৬৫০-৮০,৮৬১৬৮৩৩-৩৮,৮৬১৪৬৪০-৪৪,৮৬১৮৩৪৪-৪৯/৭৩৫৪,৭৪৯৩,৭৫১৫ (অফিস)
Fax: +880 2 9665622 Email: daers@buet.ac.bd


নং-ডিএইআরএস/CASR/এফ-২০/প্রধানমন্ত্রীর-গ:ও উ: সত/বৃত্তি-২০১৩/ডিআর-৪৫০ (৬০) তারিখ- ১৫/০৪/২০১৪

সকল অনুষদের ডীন
সকল বিভাগীয় প্রধান
পরিচালক, IWFM, IAT, IICT, JIDPUS, ARI
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয়ঃ <u>প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চশিক্ষা সহায়তা তহবিলের আওতায় ২০১৩ সালের Ph. D ডিগ্রীর লক্ষ্যে বৃত্তি প্রদান প্রসঙ্গে</u>।

উপর্যুক্ত বিষয়ে মাননীয় প্রধান প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রাপ্ত একটি পত্র ও বিজ্ঞপ্তি খানা উপাচার্য মহোদয়ের নির্দেশানুযায়ী সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরিত হলো। পত্রে বর্ণিত কমিশনের শর্তাবলী ও নীতিমালার আলোকে আবেদনের নির্ধারিত ফরম প্রধানমন্ত্রীর কার্যালয়ের **website: www.pmo.gov.bd** থেকে সংগ্রহ এবং প্রয়োজনে নীতিমালার ফটোকপি সরবরাহ করা যাবে। উল্লেখ্য, বিষয়টি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ধন্যবাদান্তে,

(অধ্যাপক ডঃ সেখ রিয়াজ আহমেদ)
পরিচালক, ডিএইআরএস

অবগতির জন্য অনুলিপিঃ

নং-ডিএইআরএস/CASR/এফ-২০/প্রধানমন্ত্রীর-গ:ও উ: সত/বৃত্তি-২০১৩/ডিআর-৪৫০ (৬০)/২ তারিখ- ১৫/০৪/২০১৪

১। পিএস টু ভিসি (মাননীয় ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২। রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

hp/Drive-E/CASR Let/All Head (Bangla page-1)/2014

all teachers -

CSE

**ব-৪**

বিষয়ঃ প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিলের আওতায় বৃত্তির আবেদন সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয় হতে একটি পত্র পাওয়া গিয়েছে (পৃঃ/৪)। পত্রে প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালার আওতায় ২০১৩ সালের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের অভ্যন্তরে অবস্থিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানসমূহে পত্রে উল্লিখিত বিষয়সমূহে পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট আগ্রহী প্রার্থীদের দরখাস্ত প্রেরণের অনুরোধ জানানো হয়েছে।

উক্ত পত্রের সঙ্গে বর্ণিত বৃত্তির নীতিমালার ০২টি কপি এবং আবেদনপত্রের ০২টি কপি সংযুক্ত করে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধ অনুরোধ জানানো হয়েছে (পৃঃ/১, ২ ও ৩)।

বিষয়টি সদয় অবগতি/নির্দেশের জন্য পেশ করা হলো।

AR

৭।৪।১৪

৭.৪.১৪

৮/৪/১৪

উপাচার্য মহোদয়

DAERS

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ...০৩.০৭৪.০৩৭.০০.০০.০০৩.২০১৩-৫০(২৮) তারিখ ...২৭ মার্চ ২০১৪ খ্রিস্টাব্দ
১৩ চৈত্র ১৪২০ বঙ্গাব্দ

**বিষয় ঃ প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিলের আওতায় বৃত্তির বিজ্ঞপ্তি প্রচার ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালার আওতায় পিএইচডি বৃত্তি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহবানপূর্বক দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নীতিমালাসহ আবেদনপত্রের নির্ধারিত ফরম এর ০২ (দুই) কপি এ সংগে নির্দেশক্রমে প্রেরণ করা হ'ল। প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইট www.pmo.gov.bd থেকেও আবেদনপত্রের ফরম ডাউনলোড করা যাবে এবং প্রয়োজনে নীতিমালার ফটোকপি সরবরাহ করা যাবে।

সংযুক্তি: বর্ণনামতে।

২৭/৩/১৪
(আবুল কালাম শামসুদ্দিন)
পরিচালক
ফোনঃ ৮১৫১২১১
E-mail:dir7@pmo.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. এক্সিকিউটিভ চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট, গাজীপুর।
৩. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনষ্টিটিউট, গাজীপুর।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর), ৬, কুদরত-ই-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা ইনষ্টিটিউট, (বি আই ডি এস), ই/১৭ আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
৭. রেজিস্ট্রার, বাংলাদেশ চিকিৎসা ও দন্ত চিকিৎসা কাউন্সিল, ৮৬ বিজয় নগর, ঢাকা।
৮. রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১০. রেজিস্ট্রার, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
১১. রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১২. রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।
১৩. রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর-৫২০০।
১৪. রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,দুমকী, পটুয়াখালী।
১৫. রেজিস্ট্রার, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।
১৭. রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা।
১৮. রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১৯. রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।
২০. রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
২১. রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
২২. রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।
২৩. রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাংগাইল।
২৪. রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (DUET), জয়দেবপুর, গাজীপুর।
২৫. রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (CUET), চট্টগ্রাম।
২৬. রেজিস্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (RUET), রাজশাহী।
২৭. রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (KUET), খুলনা।
২৮. রেজিস্ট্রার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।

My computer/D/Education/Letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ......০৩.০৭৪.০৩৭.০০.০০.০০৩.২০১৩-৫১

তারিখ ..২৭ মার্চ ২০১৪ খ্রিস্টাব্দ
১৩ চৈত্র ১৪২০ বঙ্গাব্দ

## বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালার আওতায় ২০১৩ সালের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের অভ্যন্তরে অবস্থিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

ক. অর্থনীতি/সামাজিক বিজ্ঞান;
খ. জীব, ফার্মেসী ও চিকিৎসা বিজ্ঞান ও কমিউনিটি মেডিসিন;
গ. ভৌত বিজ্ঞান, প্রকৌশল ও কম্পিউটার বিজ্ঞান;
ঘ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
ঙ. খাদ্য, কৃষি ও সমুদ্র বিজ্ঞান;
চ কলা, মানবিক, বাণিজ্য ও আইন;
ছ. জলবায়ু ও পরিবেশ বিজ্ঞান।

০২। পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে আবেদনকারীকে শিক্ষার সকল স্তরে ১ম বিভাগ/শ্রেণীতে উত্তীর্ণ হতে হবে। আবেদনকারীকে স্ব উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নীতি ও পদ্ধতি অনুযায়ী ভর্তি হয়ে থাকতে হবে বা ভর্তির জন্য নিশ্চয়তা পত্র (Letter of Acceptance) সংগ্রহ করতে হবে। জানুয়ারি বা জুলাই ২০১৩ থেকে শুরু হয়েছে এমন কোর্সে ভর্তি হয়েছেন বা ভর্তির নিশ্চয়তা পেয়েছেন এমন পিএইচডি কোর্সের গবেষকগণই কেবল মাত্র বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

০৩। সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত রেখে আবেদন করতে হবে। প্রার্থীর বয়সসীমা অনুর্ধ ৩৫ বছর তবে চাকুরীরত প্রার্থীদের বেলায় বয়স ৪৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৪। মোট বৃত্তির সংখ্যা ৬ (ছয়) টি। তিন বছরের জন্য নিম্নোক্ত হারে বৃত্তি প্রদান করা হবে ঃ

ক. ১ম বছর প্রতি মাসে ১৩,০০০.০০ টাকা;
খ. ২য় বছর প্রতি মাসে ১৪,০০০.০০ টাকা;
গ. ৩য় বছর প্রতি মাসে ১৫,০০০.০০ টাকা।

০৫। বিশেষ ক্ষেত্রে গবেষণার মেয়াদ সর্বোচ্চ ০৪ বছর পর্যন্ত বৃদ্ধি করা হলেও বৃত্তির মেয়াদ ০৩ বছরেই সীমাবদ্ধ থাকবে। উপাত্ত সংগ্রহ, বইওপুস্তক ক্রয় ও অভিসন্দর্ভের (Thesis) মুদ্রণ/কম্পিউটার কম্পোজের জন্য প্রত্যেক গবেষককে সর্বোচ্চ এককালীন ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা অনুদান প্রদান করা হবে। গবেষণা তত্ত্বধায়ককে গবেষণা কার্য সমাপ্তির পর এককালীন সম্মানী বাবদ ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা প্রদান করা হবে। একাধিক সুপারভাইজারের ক্ষেত্রে এককালীন সম্মানী ভাতা ৬০:৪০ হারে ভাগ করে প্রদান করা হবে।

০৬। আবেদনপত্রের ফরম ও এতদ্‌সংক্রান্ত নীতিমালা সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, আণবিক শক্তি কমিশন, বিসিএসআইআর, বিআইডিএস, বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল, ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (DUET), চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় (CUET), খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (KUET), রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয় (RUET) এর রেজিস্ট্রারের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। এ ছাড়াও প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইট www.pmo.gov.bd হতে আবেদনপত্রের ফরম ডাউনলোড করা যাবে।

০৭। আবেদনকারীকে সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র ও মার্কশীটসমূহের সত্যায়িত কপিসহ আবেদনপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে **১২/০৫/২০১৪ খ্রি.** তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাতে হবে। শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও মার্কশীটসমূহ সাক্ষাৎকার গ্রহণকালে প্রদর্শন করতে হবে।

(আবুল কালাম শামসুদ্দিন)
পরিচালক
ফোন ৮১৫১২১১
E-mail-dir7@pmo.gov.bd